গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
তাড়াশ উপজেলা, সিরাজগঞ্জ।
www.dphe.gov.bd

স্মারক নং ঃ ৪৬.০৩.৮৮৮৯.০০০.১৪.০০১৮.২০-১৩৫ তারিখ ঃ ২১.০২.২০২২ ইং।

# "নোটিশ"

আগামী ২৭.০২.২০২২ ইং রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবারহ স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সকল সদস্যগনকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

২১/০২/২২

(মোঃ ওহিদুজ্জামান)
সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
তাড়াশ উপজেলা, সিরাজগঞ্জ
Email: sae.sir.tar@dphe.gov.bd
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবারহ স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।

প্রাপক ঃ জনাব .......................................

.............................................

# অধিবেশন নং

উপজেলা পরিষদ, তাড়াশ সিরাজগঞ্জ এর আওতাভুক্ত জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবারহ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোছাঃ মর্জিনা খাতুন, ভাইস চেয়ারম্যান, তাড়াশ উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ সভাপতির অফিস কক্ষ।

তারিখ ও সময় ঃ ২৭.০২.২০২২ খ্রিঃ তারিখ সময় বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগনের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ এর সভাপতিত্তে সভার কাজ শুরু হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুর করেন। আলোচ্য সূচী অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর তাড়াশ কে অনুরোধ জানানো হয়।

| আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সুপারিশ |
|---|---|---|
| গত সভার কার্যবিবরণীদৃঢী করণ | জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানিসরবরাহ বিষয়ক কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। | কোন আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢী করণ করা হলো |
| হতদরিদ্রদের মধ্যে বিনামূল্যে ল্যাট্রিন বিতরনের জন্য চাহিদা | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাড়াশ উপজেলার স্যানিটেশন কভারেজ ৬৬.৭২%। এই এলাকার বেশীরভাগ জনগন দরিদ্র সীমার নীচে বসবাস করে বিধায় জনগনের নিজ উদ্যোগেস্বাস্থ্য সম্মত ল্যাট্রিন স্থাপন করার সামর্থ নেই। চলতি অর্থ বছরে অত্র উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে ১০০ সেট ল্যাট্রিন বরাদ্দ পাওয়া গেছে। উক্ত ল্যাট্রিন সমূহ গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা চেয়ারম্যানের মাধ্যমে তালিকা সংগ্রহ করে বিতরণ করা হয়েছে। দপ্তরীয় বরাদ্দ খুবই অপ্রতুল বিধায় অত্র উপজেলার স্যানিটেশন কভারেজ ১০০% এ উন্নীত করার লক্ষ্যে হতদরিদ্রদের মধ্যে বিনামূল্যে ল্যাট্রিন বিতরণের প্রকল্প নেয়ার ব্যবস্থা গ্রহনের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিনামূল্যে ল্যাট্রিন বিতরনের জন্য টাকা ৫.০০ পাঁচ লক্ষ বরাদ্দের সুপারিশ করা হয় |
| নলকূপের পানির আর্সেনিক পরীক্ষার কার্যক্রম | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, দেশে ব্যাপক হারে আর্সেনিকযুক্ত নলকূপ পাওয়া যাচ্ছে বিধায় অত্র উপজেলায় প্রতিটি নলকূপের পানির আর্সেনিক পরীক্ষা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে প্রকল্প গ্রহনের মাধ্যমে এনজিও কর্মীদ্বারা প্রতিটি নলকূপের পানির আর্সেনিক পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করার জন্য পূনঃরায় প্রস্তাব করেন। | প্রকল্প গ্রহনকরে অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে সুপারিশসহ প্রেরণ করার সুপারিশ করা হয়। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগনকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

[signature] ২৭/02/22

(মোছাঃ মর্জিনা খাতুন)
মহিলা ভাইস চেয়ারম্যান
তাড়াশ উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ
ও
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি
সরবারহ স্থায়ী কমিটি, তাড়াশ, সিরাজগঞ্জ।

স্মারক নং ঃ ৪৬.০৩.৮৮৮৯.০০০.১৪.০০১৮.২০-১৩৫ তারিখ ঃ ২৭.০২.২০২২ ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য অনুলিপি দেয়া হলোঃ-

১। চেয়ারম্যান, তাড়াশ উপজেলা পরিষদ, তারাশ, সিরাজগঞ্জ।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, তাড়াশ উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।

৩। জনাব ............................................... সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ কমিটি, তাড়াশ উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।

৪। জনাব .................................... কর্মকর্তা, তাড়াশ উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।

৫। অফিস কপি।

(মোঃ ওহিদুজ্জামান)
সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলঅধিদপ্তর
তাড়াশ উপজেলা, সিরাজগঞ্জ
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবারহস্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।
Email: sae.sir.tar@dphe.gov.bd

পরিশিষ্ট -"ক"

# জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবারহ স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যগনের হাজিরা বিবরণী

স্থান ঃ উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ। তারিখ ঃ ২৭/১২/২০২১

| ক্রমিক নং | সদস্যদের পদবী ও ঠিকানা | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মোছাঃ মর্জিনা খাতুন,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ। | সভাপতি | [স্বাক্ষর] ২৭/১২/২১ |
| ২। | আনোয়ার হোসেন খান ,উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ। | সদস্য | [স্বাক্ষর] |
| ৩। | মোঃ আব্দুল খালেক, প্যানেল চেয়ারম্যান, নওঁগা ইউপি, তাড়াশ, সিরাজগঞ্জ। | সদস্য | [স্বাক্ষর] |
| ৪। | মোঃ মোক্তার, হোসেন চেয়ারম্যান, বারুহাসে ইউপি, তাড়াশ, সিরাজগঞ্জ। | সদস্য | [স্বাক্ষর] |
| ৫। | মোঃ ওহিদুজ্জামান, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ। | সদস্য সচিব | [স্বাক্ষর] ২৭/১২/২০২১ |